বদলি হতে যাচ্ছেন মেহেরপুর সদর ও মুজিবনগর থানার ওসি

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে দেশের সব থানার ওসিকে বদলি করতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন (ইসি)।

শুক্রবার ইসি সূত্রে জানা গেছে, প্রথম পর্যায়ে যেসব থানার ওসিরা বর্তমান কর্মস্থলে ছয় মাসের বেশি সময় আছেন, তাদের অন্য জেলায় বা অন্য কোনো থানায় পর্যায়ক্রমে বদলির নির্দেশ দিয়েছে কমিশন। এ হিসেবে মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল বদলি হতে যাচ্ছেন।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগকে ইসি আগামী ৫ ডিসেম্বরের মধ্যে এ সংক্রান্ত প্রস্তাব জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

আগামী ৭ জানুয়ারি সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছে ইসি। ঘোষিত তফসিল অনুযায়ী, নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ছিল ৩০ নভেম্বর, বাছাই ১-৪ ডিসেম্বর, রিটার্নিং কর্মকর্তার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল ও শুনানি ৬-১৫ ডিসেম্বর এবং ১৭ ডিসেম্বরের মধ্যে মনোনয়নপত্র প্রত্যাহার করা যাবে। প্রতীক বরাদ্দ দেওয়া হবে ১৮ ডিসেম্বর।

চুয়াডাঙ্গায় বুদ্ধিজীবী দিবস ও বিজয় দিবস উদযাপনের প্রস্তুতিমূলক সভা

চুয়াডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার সকাল দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে আসন্ন ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

মহান বিজয় দিবস উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর সূর্যোদয়ের সাথে সাথে চুয়াডাঙ্গা বড় বাজার হাসান চত্বরে অবস্থিত শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ। সকাল আটটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং বর্ণাঢ্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে। পরে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় অবস্থিত মুক্ত মঞ্চে আলোচনা সভা ও বীর মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা প্রদান করা হবে। ওইদিন সূর্যোদয়ের সাথে সাথে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত এবং বেসরকারি ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং করা হবে। হাসপাতাল, এতিমখানায় বিশেষ খাবার পরিবেশন করা হবে। বাদ জোহর দেশের শান্তি ও অগ্রগতি এবং সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনা করে শহরের বিভিন্ন মসজিদে বিশেষ মোনাজাত এবং সুবিধাজনক সময়ে মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হবে। জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। এছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সমন্নয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

পরে ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভায় সকলের সিদ্ধান্ত মোতাবেক দিবসটি যথাযথ মর্যাদায় ও নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালন করা হবে।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা, (পুলিশ সুপার পদে পদোন্নতি প্রাপ্ত) অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার শামীম ভূইয়া, সহ সকল সরকারি দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, সাংবাদিক, সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা আদায়

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভ্রাম্যমাণ আদালতে অভিযান চালিয়ে ১৫ শত টাকা জরিমানা করা হয়েছে। আজ বুধবার (২৯ নভেম্বর) দুপুরে মেইন বাসস্ট্যান্ড বেলী ফিলিং স্টেশনে এ জরিমানা করা হয়।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,নিয়মিত বাজার মনিটরিংয়ের অংশ হিসেবে আজ দুপুরে এ অভিযান চালান, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট উছেন মে।

এ সময় তিনি বেলী ফিলিং স্টেশনের ম্যানেজার রবিউল ইসলাম (৩৫) কে তেল বিক্রয়ের মুল্য তালিকা না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারায় ১৫ শত টাকা জরিমানা করেন।

এ সময় উপজেলা স্যানেটারী ইন্সপেক্টর মনিরুজ্জামান, সুব্রত কুমার সহ উপজেলা প্রশাসন কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় প্রতারণা চক্রের এক সদস্য আটক

চুয়াডাঙ্গায় প্রতারণা করে টাকা ও স্বর্ণালংকার হাতিয়ে নেওয়া চক্রের এক সদস্য আলমডাঙ্গার আলিফউদ্দিন মোড় থেকে পাকড়াও করেছে এলাকাবাসী।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টার দিকে তাকে ধরে পুলিশে সোপর্দ করা হয়। আটক রানা আহমেদ (৩৭) নারায়ণগঞ্জ জেলার রুপপুর এলাকার আব্দুস সাত্তারের ছেলে।

জানা গেছে,আলমডাঙ্গার বটিয়াপাড়ার কামেনি খাতুন জানান,গত ১ মাস পূর্বে তার মেয়ের চিকিৎসার জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে যাচ্ছিলেন। পথে রানা আহমেদের সাথে পরিচয় হয়। ভুক্তভোগী ওই নারীর মেয়ের চিকিৎসার জন্য মদিনা ক্লিনিকে যাবার পরামর্শ দেয়। এসময় চক্রের অজ্ঞাত আরেক সদস্য পিছন থেকে চেতনা নাশক ঔষধ স্প্রে করে। তার ব্যাগে থাকা নগদ ১০ হাজার টাকা, স্বর্ণের একজোড়া দুল ও চেইনসহ লকেট নিয়ে নিয়ে চম্পট দেয়।

টাকা গহনা খুইয়ে ওই নারী বিপর্যস্ত হয়ে পড়েন। এরই এক পর্যায়ে গতকাল মঙ্গলবার কামেনি খাতুন সহ কয়েকজন তাদের কাজে আলমডাঙ্গা আসছিলেন। পথিমধ্যে পৌর এলাকার আলিফ উদ্দিন মোড়ে দাঁড়িয়ে থাকতে দেখে চক্রের দুই সদস্যকে চিনে ফেলেন কামেনি খাতুন। তিনি চিৎকার করলে দুইজন দুই দিকে দৌঁড়ে পালিয়ে যাবার চেষ্টা করে। এ সময় স্থানীয়রা রানা আহমেদকে ধরে ফেলে। পরে তাকে পুলিশে সোপর্দ করা হয়। পুলিশ তার স্বীকারোক্তিতে কুষ্টিয়া থেকে চক্রের আরও দুই সদস্যকে আটক করে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের কাছে হস্তান্তর করেন।

আলমডাঙ্গায় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মারমারি মামলায় গ্রেফতার

আলমডাঙ্গা পৌরসভার ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি রেজাউল হক তবাকে একটি মারধরের মামলায় গ্রেফতার করেছে পুলিশ। আজ মঙ্গলবার দুপুরের তরে নিজ এলাকা থেকে পুলিশ তাকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত রেজাউল হক তবা পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের মৃত মকবুল হোসেনের ছেলে।

জানা গেছে,আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গতকাল সোমবার সন্ধ্যায় আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগের উদ্যোগে মতবিনিময় সভার আয়োজন করা ওই সভায় রেজাউল হক তবা বক্তব্য রাখছিলেন।

এ বক্তব্য অপত্তিকর দাবী করে তা বন্ধ করতে বলেন পৌর আওয়ামী লীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু। একপর্যায়ে দুজনের মধ্যে গালিগালি ও চেয়ার ছোড়াছুঁড়ি শুরু হয়। এসময় চেয়ারের আঘাতে পিন্টুর মাথায় রক্তাক্ত জখম হয়। উপস্থিত নেতা-কর্মীরা পিন্টুকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে ভর্তি করেন।

গতকাল সোমবার রাতেই পৌর আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেন। ওই মামলায় আজ মঙ্গলবার দুপুরে ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতিকে তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, সোমবার রাতে মারামারির ঘটনায় তোবারক হোসেন নামের এক আওয়ামী লীগ নেতাকে গ্রেপ্তার করা হয়। দুপুরে চুয়াডাঙ্গা আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গার দর্শনা সীমান্তে ৯৬টি স্বর্ণের বার উদ্ধার, আটক ১

চুয়াডাঙ্গার দর্শনা থানাধীন সুলতানপুর সীমান্ত থেকে প্রায় ১৬ কেজি ১৪ গ্রাম ওজনের ছোট-বড় ৯৬টি স্বর্ণের বারসহ নাজমুল ইসলাম(৩১) নামের এক চোরাকারবারিকে আটক করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি।

আজ মঙ্গলবার সকাল ১০টার দিকে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার সীমান্তবর্তী দর্শনা কার্পাসডাঙ্গা সড়কের রুদ্রনগর গ্রামের পাকা রাস্তার উপর মোটরসাইকেলসহ তাকে আটক করে। আটককৃত চোরাকারবারি দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের আশাদুল হকের ছেলে।

বিষয়টি নিশ্চিত করেছেন চুয়াডাঙ্গা-৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি বলেন গোয়েন্দা তথ্যের ভিত্তিতে জানতে পারি দর্শনা সুলতানপুর সীমান্ত দিয়ে বাংলাদেশ থেকে ভারতে স্বর্নের বার পাচার হবে। খবর পেয়ে সুলতানপুর ক্যাম্পের বিশেষ টহল দল সুলতানপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৭/২-এস হতে আনুমানিক ০২ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা- রুদ্রনগর মুজিবনগর সড়কের পাঁকা রাস্তায় টহল করে।এসময় একজন অজ্ঞাত ব্যক্তি ঐ এলাকা দিয়ে সীমান্তের দিকে যাওয়ার প্রাক্কালে বিজিবি সশস্ত্র টহল দলের উপস্থিতি টেরপেয়ে মোটরসাইকেল নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে।

এ সময় সুলতানপুর ক্যাম্পের কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম সঙ্গীয় ফোর্স নিয়ে নাজমুল ইসলামকে আটক করে। প্রথম পর্যায়ে স্বীকার না করায় তাকে আটক করে সুলতান কম্পে নিয়ে যায়।পরে তার স্বীকারোক্তিতে অভিনব কায়দায় মোটরসাইকেলের সীটের নীচে ও সাইড কোভারের ভিতর থেকে ছোট বড় ৯৬ টি স্বর্নের বার উদ্ধার করে।আটক এসব স্বর্নের বারের আনুমানিক বাজার মৃল্যে ১৬ কোটি ১৫ লাখ টাকা।বিজিবি এসব বারগুলি দিয়ে ডিসপ্লে করে ৬ বিজিবি লিখছে।

আটককৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় সুলতানপুর বিওপি’র টহল কমান্ডার হাবিলদার মোঃ আব্দুল হাকিম বাদী হয়ে মামলা দায়ের করেছেন এবং সোনার বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

চুয়াডাঙ্গা ডিবির মাদক বিরোধী অভিযানে ফেনসিডিল সহ আটক ১

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী বিশেষ অভিযানে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ

ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে এসআই (নিঃ) মুহিদ হাসান, সঙ্গীয় অফিসার এএসআই (নিঃ) মোঃ মাহমুদুল হাসান, এএসআই (নিঃ) আবেদুর রহমান, এএসআই (নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই (নিঃ) সাদিকুর রহমান জেলা গোয়েন্দা শাখার সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযানে গতকাল সোমবার সন্ধ্যা সাতটার সময় দামুড়হুদা থানাধীন রঘুনাথপুর গ্রামস্থ জনৈক আরিফের গোল্ডেন ব্রিকস এর সামনে রঘুনাথপুর টু লোকনাথপুর গামী পাকা রাস্তার উপর হতে দামুড়হুদা উপজেলা পুরাতন বাস্তপুর (মসজিদপাড়ার) মৃত ফকির বিশ্বাসের ছেলে আসামী মোঃ লাল্টু (৪৫)গ্রেফতারপূর্বক আসামীর হেফাজত হতে অবৈধ মাদকদ্রব্য ৩০ (ত্রিশ) বোতল ফেন্সিডিল উদ্ধারপূর্বক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

চুয়াডাঙ্গায় আলুকদিয়া ইউনিয়নে সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় যৌনহয়রানি ইভটিজিং, মাদক, জঙ্গীবাদ, দুর্নীতি প্রতিরোধ, আত্মহত্যার বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি, ডেঙ্গু প্রতিরোধ ও সার্বিক আইন-শৃঙ্খলার বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলার আলুকদিয়া ইউনিয়ন পরিষদের আয়োজনে গতকাল সোমবার বেলা সাড়ে ১১ টায় আলোকদিয়া ইউনিয়ন পরিষদ চত্বরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গার জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা বলেন, আপনার সন্তানকে এমন শিক্ষা দেন যাতে তারা গুরুজনকে সম্মান করতে শেখে। আপনার সন্তানকে সময় দেন, গল্প করেন। মুক্তিযুদ্ধের গল্প

শোনান। নীতি নৈতিকতা শেখান। তখন দেখবেন, আপনার সন্তান বিপথে যাবে না। আমরা যারা শিক্ষক, সরকারি কর্মচারী, সাংবাদিক যারা বিভিন্ন ক্ষেত্রে কাজ করি, আমাদেরও দায়িত্ব আছে। আমরা আজ কথা দিবো, আমরা সন্তানকে সময় দেবো। আমরা আমাদের সন্তানকে শিক্ষা দিতে পারিনি। সতর্ক থাকতে হবে। চুয়াডাঙ্গায় প্রায় প্রতিদিন আত্মহত্যার একজন না একজন আত্মহত্যা করে। এগুলোর দিকে সতর্ক থাকতে হবে। আমি বার বার একটি কথা আপনাদের মনে করিয়ে দিচ্ছি। গুজবের বিষয়ে সতর্ক থাকতে হবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভুইয়া। মতবিনিময় সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন আলুকদিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাজী আবুল কালাম আজাদ।

অভিভাবকদের মধ্যে বক্তব্য রাখেন আব্দুর রাজ্জাক। মতবিনিময় সভায় শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন আলুকদিয়া রোমেলা খাতুন মাধ্যমিক বিদ্যালয়ের ৭ম শ্রেণির শিক্ষার্থী তাজমিন খাতুন। মতবিনিময় সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতাপাঠ করা হয়। এসময় উপস্থিত ছিলেন আলুকদিয়া ইউনিয়নের বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানর শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, ইউনিয়ন পরিষদের সচিব, ইউপি সদস্য ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। এছাড়াও, আলুকদিয়া ইউনিয়ন পরিষদ চত্বরে বৃক্ষ রোপণ ও নির্ধারিত সময়ে জন্ম নিবন্ধন করায় এক মাকে উপহার তুলে দেন জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এর আগে বতৃতা দেওয়ার সময় জেলা প্রশাসক ঘোষণা দেন ওই অনুষ্ঠানে শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখা ৭ম শ্রেণির ছাত্রী তাজমিন খাতুনের জন্যিএকটি উপহারের। তিনি বলেন, যে শিক্ষার্থীরা সাহস করে কথা বলতে পারে, আমরা মনে করি তারা ভবিষ্যতে বড় হবে।

কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে টাপেন্ডাডল ট্যাবলেট সহ

ব্যবসায়ী আটক

দামুডহুদার কার্পাসডাঙ্গা পুলিশের অভিযানে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ ইকতিয়ার রহমান নামে এক উষধ ব্যবসায়ীকে আটক করেছে।

আটককৃত ব্যাক্তি হলেন কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের আ: রাজ্জাক মালিথার ছেলে। গতকাল সোমবার রাত সাড়ে আটটার দিকে কার্পাসডাঙ্গা কবরস্থান মোড়ে অভিযান চালিয়ে হাতেনাতে আটক করে।

পুলিশ জানায় গোপন সংবাদের ভিত্তিতে জানতে পেরে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আলমগীর কবিরের নির্দেশে কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেন এএসআই মোসলেম উদ্দীন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৪৮পিচ টাপেন্ডাডল ট্যাবলেট সহ তাকে আটক করে। আটককৃতকে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করা হয়।

মেহেরপুরে আনসার-ভিডিপির অস্ত্রসহ মৌলিক প্রশিক্ষণের শুভ উদ্বোধন

মেহেরপুরে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর আয়োজনে জেলাভিত্তিক ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ-৬ষ্ঠ ধাপ) এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (২৭ নভেম্বর) সকাল ১১ টার সময় জেলা কার্যালয়ের প্রশিক্ষণ শ্রেণিকক্ষে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা প্রশিক্ষক (টিআই) মানিক মিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত ।

এসময় প্রধান অতিথি বক্তব্যে তিনি বলেন, “জননিরাপত্তায় এ বাহিনীর

অবদান অত্যন্ত গুরুত্ববহ ও সমাজ স্বীকৃত। উক্ত প্রশিক্ষণ গ্রহণ দ্বারা জননিরাপত্তামূলক কর্মকাণ্ডে সম্পৃক্ত এবং সুশাসন প্রতিষ্ঠায় সামাজিক সচেতনতা বৃদ্ধির প্রভূত ক্ষেত্র তৈরি হবে। সেখানে নিজেদেরকে যোগ্য হিসেবে গড়ে তুলে বাহিনীর সুনাম বৃদ্ধির পাশাপাশি নিজেকে দক্ষ জনসম্পদে পরিণত করে রাষ্ট্রের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং সকল প্রশিক্ষণার্থীকে সুন্দর ও সুষ্ঠুভাবে প্রশিক্ষণ সম্পন্ন করতে আহবান জানান।

এ ছাড়াও কোর্স অ্যাডজুট্যান্ট গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, প্রশিক্ষণ কর্মকর্তা মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, সার্কেল অ্যাডজুটান্ট মোঃ আল-মামুন, সদর টিআই সাগর আহমেদ ও অন্যান্য প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।